# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা ডিসেম্বর, ২০২৫

## বাংলা

## (দ্বিতীয় ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# বাংলা (দ্বিতীয় ভাষা)

## বিভাগ-ক

১। নিম্নলিখিত প্রশ্নগুলির বিকল্প উত্তরগুলি থেকে সঠিকটি বেছে নিয়ে লেখো (*যেকোনো বারোটি*) ঃ ১×১২=১২

১.১. 'বলাই' গল্পটির লেখক কে?
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) মহাশ্বেতা দেবী

১.২. কোন ডাক্তারের কাছে বৃন্দাবন ছেলের চিকিৎসার জন্য প্রথম যায়?
(ক) বৃন্দাবন গিয়েছিল বাড়ল গ্রামেরই গোপাল ডাক্তারের কাছে। (খ) কলকাতার হাসপাতালের নিতাই ডাক্তারের কাছে।
(গ) বীরভূমের নন্দ ডাক্তারের কাছে। (ঘ) মেদিনীপুরের গোপীনাথ ডাক্তারের কাছে।

১.৩. Fixed Deposit কথাটির মানে কী?
(ক) ATM থেকে সংগৃহীত টাকা (খ) স্থায়ী আমানত
(গ) সুদ বাবদ প্রাপ্ত অর্থ (ঘ) ব্যাঙ্কে যেকোনো সময় তোলা যায় এমন টাকা

১.৪. সাধারণত কোকিল কোন ঋতুতে দেখা যায়?
(ক) বর্ষা ঋতুতে (খ) শরৎ ঋতুতে
(গ) শীত ঋতুতে (ঘ) বসন্ত ঋতুতে

১.৫. বাংলা পাঠ্য বইয়ে রাজশেখর বসুর লেখা গল্পটির নাম কী?
(ক) বিদায় অভিশাপ (খ) প্রার্থনা
(গ) রামের সুমতি (ঘ) কলকাতা ভ্রমণ

১.৬. জনসংখ্যার বিচারে মাতৃভাষা হিসাবে 'বাংলা' পৃথিবীর কত নম্বর ভাষা?
(ক) দশতম (খ) বারোতম
(গ) ছয় অথবা সাত নম্বরের ভাষা (ঘ) দ্বিতীয় ভাষা

১.৭. রুপোকাকার মাসিক বেতন কত ছিল?
(ক) দশ টাকা (খ) পনেরো টাকা
(গ) কুড়ি টাকা (ঘ) সাড়ে তিন টাকা

১.৮. পুরুষশাসিত সমাজে বেগম রোকেয়া কী চেয়েছিলেন?
(ক) পুরুষের সমকক্ষ অবস্থান (খ) পুরুষের থেকে নীচে কর্মস্থলের অবস্থান
(গ) পুরুষের রোজগারে নিজের সংস্থান (ঘ) নারী হিসেবে মর্যাদা লাভ

১.৯. পালামৌ —?
(ক) পালামৌ — শহর (খ) পালামৌ — গ্রাম
(গ) পালামৌ — পার্বত্য অঞ্চল (ঘ) পালামৌ — একটি প্রকাণ্ড পরগনা মাত্র

১.১০. ট্যাঁপের মোয়া কী?
(ক) মিঠাই (খ) শালুক বীজের খই দিয়ে তৈরি মিষ্টি
(গ) বড়ো আকারের ঢপঢপে মোয়া (ঘ) গুড়ের সন্দেশ

১.১১. ‘আমরা এসেছি’ কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ক) সুকান্ত সমগ্র (খ) ঘুম নেই

(গ) ছাড়পত্র (ঘ) পূর্বাভাস

১.১২. ‘ঐকতান’ কথার অর্থ কী?

(ক) সঙ্গীত (খ) মিলিত কণ্ঠস্বর

(গ) কবিতা (ঘ) ছন্দহীন পদ্য

১.১৩. সমাজে লোহানির্মিত দ্রব্য যারা তৈরি করে তাদের কী বলে?

(ক) স্বর্ণকার (খ) কুম্ভকার

(গ) কর্মকার (ঘ) চর্মকার

১.১৪. ‘বঙ্গভাষা’ কবিতায় কবি কাকে অবোধ বলেছেন?

(ক) শিক্ষককে (খ) পিতাকে

(গ) নিজেকে (ঘ) বন্ধুকে

১.১৫. ‘হুঁশিয়ার’ শব্দটি কোন দেশের?

(ক) আরবি (খ) নেপালি

(গ) দেশি (ঘ) জাপানি

১.১৬. কবি জীবনানন্দ দাশ-এর জন্ম কোন দেশে?

(ক) বিহারে (খ) বাংলায়

(গ) উড়িষ্যায় (ঘ) নেপালে

২। কম-বেশি কুড়িটি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও (*যেকোনো ছয়টি*) ঃ ২×৬=১২

২.১. ছোটোবেলায় বলাই কেমন ছিল?

২.২. অবিনাশ ডাক্তার কী দেখে স্তম্ভিত হয়েছিল?

২.৩. বিকাশবাবুকে দেখে লেখকের হিংসা হওয়ার কারণ কী?

২.৪. অবিশ্রান্ত বৃষ্টির রাতে নসীবাবুর বাড়িতে কী ঘটনা ঘটে?

২.৫. ‘বই কেনা’ — রচনায় উল্লিখিত দুটি বইয়ের নাম উল্লেখ করো।

২.৬. ‘‘ঈশ্বরই প্রশংসার যোগ্য। তিনিই ধন্য।’’ — কার লেখা, কোন রচনার উক্তি লেখো।

২.৭. ‘পথে প্রবাসে’ গদ্যাংশে ব্যবহৃত দুটি শহরের নাম লেখো।

২.৮. ‘চিত্রময়ী বর্ণনার বাণী’ — এ কথার অর্থ লেখো।

৩। *যেকোনো নয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৯=৩৬

৩.১. ‘পাশাপাশি’ গল্পের সাহায্যে সংক্ষেপে লেখক ও বিকাশবাবুর চরিত্রের দুটি করে বৈশিষ্ট্য লেখো।

৩.২. হিন্দু ধর্মে শ্রীকৃষ্ণকে কী নিবেদন করবার কথা বলা হয়েছে লেখো।

৩.৩. ‘‘মনের চোখ বাড়ানো কমানো’’ কীভাবে সম্ভব তা ব্যাখ্যা করে কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও।

৩.৪. মানুষের সঙ্গে সত্য আত্মীয়তা অর্জনের উপায় কী?

৩.৫. ভাব সম্প্রসারণ করো ঃ
'হিন্দু না ওরা মুসলিম?' ওই জিজ্ঞাসে কোন জন?
কাণ্ডারী, বল ডুবিছে মানুষ সন্তান মোর মা'র।

৩.৬. 'নরকবাস' নাট্যকাব্যের নামকরণের সার্থকতা যথাসম্ভব সংক্ষেপে লেখো।

৩.৭. ''দেশের লোকের প্রথম যাত্রার দিন আজ।'' — কোন রচনার অংশ? 'প্রথম যাত্রার দিন' বলতে কী বোঝানো হয়েছে?

৩.৮. সমাজসংস্কার ও শিক্ষাব্যবস্থার উন্নতির জন্য যে প্রয়াস রামমোহন চালিয়েছিলেন তা লেখো।

৩.৯. ভাষা কাকে বলে? গুরুচণ্ডালী দোষমুক্ত দুটি বাক্য লেখো।

৩.১০. অনুসর্গ কাকে বলে? অনুসর্গ যোগ করে শব্দকে কীভাবে পদে পরিণত করা হয়? দুটি উদাহরণ দাও।

৩.১১. শুদ্ধ করে লেখো ঃ (*যে কোনো চারটি*)
(ক) সব ছেলেরা (খ) পাকা পাকা আমেরা (গ) সকল ছাত্রবৃন্দ (ঘ) জলগুলো (ঙ) শিক্ষকপুঞ্জ (চ) রচনারা

৩.১২. সন্ধি বিচ্ছেদ করো ঃ (*যে কোনো চারটি*)
(ক) মনোভীষ্ট (খ) পুরোহিত (গ) দুশ্চিন্তা (ঘ) শিরশ্ছেদ (ঙ) সচ্চরিত্র (চ) সন্ধান

৪। *যেকোনো ছয়টি* প্রশ্নের উত্তর লেখো ঃ ৫×৬=৩০

৪.১. দুটি খেলার বিবরণ দাও ঃ ২½×২
(ক) দাবা (খ) কবাডি (গ) ভলিবল (ঘ) খো খো

৪.২. প্রবন্ধ রচনা করো (*যেকোনো একটি*) ঃ ৫
(ক) কবি জীবনানন্দ দাশ (খ) স্বামী বিবেকানন্দ (গ) বন ও বন্যপ্রাণী সংরক্ষণ (ঘ) ভ্রমণ শিক্ষার অঙ্গ

৪.৩. প্লাস্টিকের ব্যবহার সীমিত বা বন্ধ করার জন্য দুই বন্ধুর সংলাপ রচনা করো। ৫

৪.৪. বঙ্গানুবাদ করো ঃ ৫
Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties. He should perform them well. As a student, his first duty is to study and learn. He should be careful to his lessons.

৪.৫. তুমি একটি বই পড়েছ সম্প্রতি। বইটি তোমার ভালো লেগেছে জানিয়ে বন্ধুকে বইটি পড়তে বলে একটি চিঠি লেখো। ৫

৪.৬. প্রদত্ত সূত্র অনুযায়ী বিবরণ রচনা করো। বিবরণের শিরোনাম দাও। ৫
সময় ও তারিখ – ২৬শে জানুয়ারি, ২০২৫। স্থান – কলকাতা ব্রিগেড প্যারেড গ্রাউন্ড। উপস্থিত শ্রোতা দর্শক – দুই লক্ষাধিক। প্রধান বক্তা – মুখ্যমন্ত্রী। বিষয় – দেশপ্রেম ও স্বাধীনতা সংগ্রামী স্মরণ।

৪.৭ বাক্য সংকোচন করো ঃ ৫
যে বিদেশে থাকে, আগে কখনো ঘটেনি, যে শৃঙ্খলা মানে না, গাভীজাত বস্তু, যে পরের উপর নির্ভর করে।

৪.৮ সমোচ্চারিত ভিন্নার্থক শব্দের অর্থ লেখো ঃ ৫
অনু/অণু, আবৃতি/আবৃত্তি, দার/দ্বার, আশা/আসা, কীর্তি/কৃতি।